




নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২

সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।

ই-মেইলঃ-narayanganjpbs2@gmail.com

Website:pbs2.narayanganj.gov.bd



স্মারক নং- ২৭.১২.৬৭৬৮.৫৭৯.০১.০৩৮.২৪. ৬০৬

তারিখঃ ১৯/০২/২০২৪খ্রিঃ

ডিজিটাল মেগার ক্রয়/ সংগ্রহের জন্য পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি (RFQ)

নারায়ণগঞ্জ পবিস-২ এর জন্য পবিসের নিজস্ব তহবিলের আওতায় কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে নিম্নবর্ণিত মালামাল সমূহ ক্রয়ের লক্ষ্যে বাংলাদেশের খ্যাতিমান উৎপাদনকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।


দরপত্র নং	মালামালের বিবরণ	মালামালের পরিমাণ	দাখিলকৃত উদ্ধৃত মূল্যে (টাকা)	
			একক মূল্য	মোট মূল্য
৩৫/২৩-২৪	Brand and Model: Kyoritsu3112.A Description: 5KV Digital High Voltage Insulation Tester	০২ টি		
		মোট=		

কথায়ঃ

শর্তাবলীঃ


- ০১। দরপত্র আগামী ২৫/০২/২০২৪খ্রিঃ তারিখ বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত সিনিয়র জেনারেল ম্যানেজার, নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, সাওঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ অথবা পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে এবং প্রাপ্ত দরপত্র সমূহ একই দিনে বেলা ১১.০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহন করা হবে না।
- ০২। দরপত্রের খামের উপরে “ডিজিটাল মেগার সরবরাহের পুনঃ দরপত্র” কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে। প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দরপত্র খামে সীলগালা ব্যবহার পূর্বক উপরের ছক অনুযায়ী দাখিল করতে হবে।
- ০৩। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহনযোগ্য হবে না।
- ০৪। দরপত্র দাখিলের সময় দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট, আয়কর সনদপত্র ও ব্যাংক সলভেন্সী প্রত্যয়ন পত্রের সত্যায়িত ফটোকপি অবশ্যই দাখিল করতে হবে।
- ০৫। মালামাল সরবরাহ এবং কার্য সম্পাদনে বিলম্ব ঘটিলে সরবরাহকৃত মালামালের চুক্তিমূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তিমূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।
- ০৬। মালামাল সমূহ উপরে বর্ণিত বিবরণ ও নমুনা মোতাবেক হতে হবে। মালামাল সরবরাহের পর সমিতি কর্তৃক মনোনীত প্রতিনিধির মাধ্যমে গুনগতমান যাচাই করা হবে। সরবরাহকৃত মালামাল গুনগতমান মানসম্পন্ন না হলে সমিতি কর্তৃক কোন ক্রমেই গ্রহন করা হবে না।
- ০৭। সন্তোষজনক ভাবে মালামাল সরবরাহের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে হিসাবের খাতে প্রদেয় চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। সরকারী নিয়মানুযায়ী প্রয়োজ্য ক্ষেত্রে ভ্যাট, আয়কর ও জামানত কর্তন করা হবে।
- ০৮। দরপত্রে উল্লেখিত মালামালের পরিমাণ কম/বেশী হতে পারে। এই ক্ষেত্রে প্রকৃত সংখ্যা/ পরিমাণ অনুযায়ী বিল পরিশোধ করা হবে।
- ০৯। দরপত্র সম্পর্কে কাহারও কোন জিজ্ঞাসা থাকলে /ব্যাখ্যার প্রয়োজন হলে উহা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিত ভাবে অনুরোধ করতে হবে।

- ১০। নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-২ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১১। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গন্য হবে।


১১.২.১৪
(প্রকৌঃ নূর মোহাম্মদ)
সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয় (বহল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।

- ০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ০৩। পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
- ০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা জোন (দক্ষিণ), বাপবিবো, ঢাকা।
- ০৫। নির্বাহী প্রকৌশলী, (এসওডি), বাপবিবো, নারায়ণগঞ্জ।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার..... পবিস-১/২/৩/৪।
- ০৭। উপজেলা নির্বাহী অফিসার, রূপগঞ্জ/আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ০৮। সকল ডিজিএম, নারায়ণগঞ্জ পবিস-২।
- ০৯। সকল এজিএম, নারায়ণগঞ্জ পবিস-২।
- ১০। এজিএম (আইটি-১), নারায়ণগঞ্জ পবিস-২ (বাপবিবো/পবিস এর ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশের ব্যবস্থা করবেন)।
- ১১। নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-২।
- ১২। মেসার্স.....।
- ১৩। অফিস কপি/মাস্টার কপি।


১৯.০২.১৭
(ইন্দ্রজিত চন্দ্র)
এজিএম (প্রশাসন)